

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০১৮(আগরতলা, ০৬।১২)  
আমবাসা, ০৬ ডিসেম্বর, ২০১৭

### ধলাই জেলায় মিশন ইন্দ্রধনুষ কর্মসূচি

ধলাই জেলায় মিশন ইন্দ্রধনুষ প্রকল্পে তৃতীয় পর্যায়ে টিকাকরণ কর্মসূচি আগামী ৭ ডিসেম্বর থেকে শুরু হবে এবং চলবে ১৬ ডিসেম্বর পর্যন্ত। ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ শরবিন্দ রিয়াং এতথ্য জানান। কর্মসূচি অনুযায়ী জেলার ১৩১টি উপস্বাস্থ্য এবং বিভিন্ন অঙ্গনওয়াড়ী কেন্দ্রের মাধ্যমে সন্তান সম্ভবা ৯২ জন মহিলা ও জন্ম থেকে ২ বছর বয়সী ৫১৮ জন শিশুদের টিকা দেওয়া হবে। এই কর্মসূচি সফল করে তোলার জন্য ২৭ জন এম পি এস, ২১৬ জন এম পি ডব্লিউ, ৯৭৮ জন আশা ও ১২৮২ জন অঙ্গনওয়াড়ী কর্মী নিযুক্ত রয়েছে।

\*\*\*\*\*